তারিখ: ২৭ সেপ্টেম্বর, ২০২৩

কোস্ট ফাউন্ডেশন

# বিষয়: কর্মী/স্বেচ্ছাসেবী/ইন্টার্ন এর জন্য আচরণবিধি

**সংজ্ঞা:** আচরণবিধি **(Code of Conducts)** হলো কতগুলো নীতি-নির্দেশিকার সমষ্টি যেগুলো কোন ফাউন্ডেশনের কর্মী/স্বেচ্ছাসেবী/ইন্টার্ন এর ব্যক্তিগত, পেশাগত, নাগরিক জীবনে মেনে চলার নিয়মসমূহ নির্ধারণ করে দেয়।

**এই আচরণবিধি তৈরির অনুসৃত পদ্ধতি:** কোস্ট ফাউন্ডেশন-এর মানব সম্পদ ও প্রশাসনিক ব্যবস্থাপনা নীতিমালা, শুন্য সহিষ্ণু নীতিমালা, আপোষ অযোগ্য নীতিমালা, করণীয় ও বর্জনীয় নীতিমালা, অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক সংগঠনের আচরণবিধি, বাংলাদেশের সংবিধান এবং আন্তর্জাতিক মানবাধিকার সনদ এই আচরণবিধি তৈরির ভিত্তি।

**এই আচরণবিধি তৈরির প্রক্রিয়া:** উল্লিখিত নীতিমালা, সনদ ও আচরণবিধি থেকে খসড়া তৈরির পর প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মীদের সাথে আলোচনা করে এটি তৈরি করা হয়েছে। পরবর্তীতে কর্মসূচি অংশীজনদের মতামত নেয়া হয়েছে।

আচরণবিধি তৈরির উদ্দেশ্য:

১. প্রত্যেক কর্মী/স্বেচ্ছাসেবী/ইন্টার্ন এই আচরণবিধি মেনে চলবেন।
২. কোস্ট ফাউন্ডেশন এই আচরণবিধি সম্পর্কে দুর্যোগ কবলিত জনগোষ্ঠী, কর্মসূচি অংশীজন ও অন্যান্য অংশীজনদের (Stakeholder) অবহিত করবে, যাতে করে তারা প্রকল্পের কর্মীদের আচরণ সম্পর্কে পুরোপুরি জানতে পারেন। এতে করে তারা সেবা প্রাপ্তির ক্ষেত্রে কর্মীদের দ্বারা কোন প্রকার বৈষম্য,যৌন শোষণ, নির্যাতন এবং হয়রানির শিকার হবেন না।

কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে এই আচরণবিধির কোন ধারা লঙ্ঘিত হলে তা পর্যালোচনা করে দেখা হবে এবং কোন কর্মী/স্বেচ্ছাসেবী/ইন্টার্ন এর আচরণবিধি লঙ্ঘন প্রমাণিত হলে কোস্ট মানব সম্পদ ও প্রশাসনিক ব্যবস্থাপনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। সুতরাং, সকল কর্মী/স্বেচ্ছাসেবী/ইন্টার্ন এই আচরণ বিধিমালাটি পড়বেন, বুঝবেন, একমত হবেন এবং এটি মেনে চলবেন এই মর্মে স্বাক্ষর করবেন।

**অনুমোদনের তারিখ:** ২২ মার্চ, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ৯১তম সভায় এ আচরণবিধি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তীতে ২৯ জুলাই, ২০২৩ তারিখে অনুষ্ঠিত নির্বাহী পর্ষদের ১০১ তম সভায় এটির পুন:সংস্করণ অনুমোদিত হয়। এটি বিভিন্ন সময়ে প্রয়োজন মতো সংশোধন, পরিবর্তন করা হবে।

**নীতিমালার পরিবর্তন:** ফাউন্ডেশনের নীতি, জাতীয় ও আন্তর্জাতিক আইন, মানবাধিকার ঘোষণা ইত্যাদির পরিবর্তন অনুযায়ী এই নীতিমালা ভবিষ্যতে যথারীতি পরিবর্তিত হতে পারে। সর্বশেষ এটি ২৯ জুলাই, ২০২৩ তারিখে সংশোধন কর হয়।

## <u>আচরণবিধি</u>

আমি ................................................, পদবী: .............................., ফাউন্ডেশনে যোগদানের তারিখ: ........./........../..........

### ১. কোস্ট ফাউন্ডেশন এর একজন কর্মী/স্বেচ্ছাসেবী/ইন্টার্ন হিসেবে এবং আমার পেশাগত জীবনে:

১.১ আমি রাষ্ট্রীয় সকল আইন-কানুন মেনে চলব।
১.২ মানবাধিকার চর্চা করব।
১.৩ জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে শিশু-নারী-পুরুষ, সংস্কৃতি কিংবা ক্ষুদ্র জাতিসত্তা, আমি কোন ক্ষেত্রেই কোন পার্থক্য করব না।
১.৪ কোস্ট ফাউন্ডেশন এর নীতিমালা, মূল্যবোধ এবং কর্মকাণ্ডের পরিপন্থী কোন কাজ করব না।

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Foundation

Dr. Tofail Ahmed
Chairperson
COAST Foundation

১.৫ ফাউন্ডেশনের নীতিমালাসহ নতুন নতুন সার্কুলার নিজ দায়িত্বে পড়ব, শিখব ও চর্চা করব এবং এগুলো শেখার জন্য কোন বিশেষ প্রশিক্ষণ বা ওরিয়েন্টেশন দাবী করব না।

১.৬ নারী ও শিশু নির্যাতন, যৌন শোষণ, নির্যাতন বা হয়রানি, প্রতারণা বা কোন ব্যক্তিকে জোরপূর্বক অনৈতিক কিছু করতে বাধ্য করা, শোষণ করা, শিশুশ্রমে বাধ্য করা, অশোভন ভাষা ব্যবহার করা বা ভয় দেখানো ইত্যাদি অনৈতিক কাজ করব না।

১.৭ আমি বা আমার পরিবারের কেউ বাল্য বিবাহ করব না বা বাল্য বিবাহ দেব না। এটা কোথাও হতে দেখলে আমি যথাযথ কর্তৃপক্ষকে জানাব এবং প্রতিরোধ করার চেষ্টা করব।

১.৮ কোন কর্মী, কর্মসূচি ও অন্যান্য অংশীজনদের কাছ থেকে ধার-দেনা করব না।

১.৯ উপকারভোগী, কমিউনিটিতে বসবাসকারী অথবা কোন শিশুর ছবি বা ভিডিও নেয়ার প্রয়োজন হলে এর উদ্দেশ্য পরিষ্কারভাবে না জানিয়ে এবং অনুমতি না নিয়ে কোন ছবি বা ভিডিও ধারণ করব না। পোষাক বা ভঙ্গির কারণে তাদের মর্যাদা হানি হয় এমন কোন ভিডিও বা ছবি ধারণ করবো না।

১.১০ অনাকাঙ্খিত কোন ব্যক্তিগত লাভের সুযোগ খুঁজবো না, উপহার নেব না এবং অন্যদেরকেও এমন বিষয়ে প্রশ্রয় দেব না।

১.১১ অর্থ আত্মসাৎ এবং প্রতারণা করব না।

১.১২ ঘুষ দেব না এবং নেব না।

১.১৩ ইচ্ছাকৃতভাবে কোন তথ্যের বিকৃতি ঘটাব না।

১.১৪ কর্মসূচি অংশীজনদের তথ্য সুরক্ষিত রাখব এবং কোন তথ্য (রাষ্ট্রীয় প্রয়োজন যদি হয়) ছাড়া অন্য কোথাও হস্তান্তর করব না।

১.১৫ ফাউন্ডেশনের সম্পদ এবং সুযোগ-সুবিধার অপব্যবহার করব না।

১.১৬ এই ফাউন্ডেশনে চাকুরিকালীন অন্য কোন প্রতিষ্ঠানে খণ্ডকালীণ বা পূর্ণকালীন কোন চাকুরি করব না।

১.১৭ এই ফাউন্ডেশনে চাকুরিকালীন অন্য কোন আর্থিক ব্যবসার সাথে জড়িত হব না।

১.১৮ ব্যবস্থাপনা ও তত্ত্বাবধায়কের যৌক্তিক সিদ্ধান্ত বা নির্দেশনা অমান্য করব না।

১.১৯ ফাউন্ডেশনে চাকুরিরত আত্মীয়-স্বজন বা বন্ধু-বান্ধবের প্রতি স্বজনপ্রীতি বা পক্ষপাতিত্ব করব না।

১.২০ কোন রাজনৈতিক দলের সাথে যুক্ত থাকব না এবং কোন দলের রাজনৈতিক মতাদর্শ প্রচার করব না।

১.২১ ধর্মীয় কোন উগ্রবাদের সাথে যুক্ত থাকব না, সমর্থন করব না এবং প্রচার করব না।

১.২২ ধুমপান, মদ্যপান করব না এবং মাদকদ্রব্য সেবন বা এর সাথে সংশ্লিষ্ট কোন ব্যবসা করব না।

১.২৩ বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশ, সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশের ক্ষতি হয় এমন কোন কাজ করব না।

১.২৪ ফাউন্ডেশন নিয়োগের পূর্বে রেফারাল নির্দিষ্ট ফরমে যাচাই করারা প্রক্রিয়াতে আমারা কোন আপত্তি থাকবে না এবং রেফারির সাথে আমার পূর্বের আমার সম্পর্কিত সকল বিষয় নির্দিষ্ট ফরমে যাচাই করলে আমার কোন আপত্তি থাকবে না।

## ২. কোস্ট ফাউন্ডেশন-এর আচরণবিধিতে যৌন শোষণ এবং নির্যাতনের বিরুদ্ধে শূন্য সহনশীলতা রয়েছে:

আমরা যাদের মানবিক সহায়তা করতে চাই তাদের সাথে যৌন শোষণ, নির্যাতন **(SEA)** অগ্রহণযোগ্য এবং নিষিদ্ধ। এধরণের কর্মকাণ্ড তাদের বিশ্বাস অর্জন এবং জবাবদিহিতা নিশ্চিতের পথে গুরুতর বাধা। এই ধরণের কাজগুলি ক্ষতিগ্রস্ত/মানবিক সাহায্য প্রার্থী মানুষের মানবাধিকার লঙ্ঘন করে। পাশাপাশি ফাউন্ডেশনের মানবিক কর্মকাণ্ডের বিশ্বাসযোগ্যতাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে। যার ফলশ্রুতিতে সংস্থার মানবিক কর্মকাণ্ড চালিয়ে যাওয়ার ক্ষমতাকে বিপন্ন করতে পারে।

ফাউন্ডেশন এর কর্মীদের (যেমন, কর্মী/স্বেচ্ছাসেবক, ইন্টার্ন ইত্যাদি) দ্বারা যৌন শোষণ, নির্যাতন প্রতিরোধে ও প্রতিকারের প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থা রয়েছে। এই ব্যবস্থাগুলো ফাউন্ডেশনের **PSEA** নীতিমালায় বর্ণিত রয়েছে।

২.১ মানবাধিকার এবং শিশুদের অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক আইন এবং ফাউন্ডেশন এর পিএসইএ নীতি অনুসারে সকল আক্রান্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের অধিকার রক্ষা করার পাশাপাশি অগ্রাধিকারভিত্তিতে ন্যায্যতা এবং সম্মান, সৌজন্য এবং মর্যাদার সাথে আচরণ করব এবং আমার দৃষ্টিভঙ্গি হবে আক্রান্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ কেন্দ্রিক।

২.২ ফাউন্ডেশনে কর্মকালীন সময়ে (কর্মী/কর্মসূচি অংশীজন/কমিউনিটির মধ্যে কোন ধরণের যৌন শোষন, নির্যাতন, হয়রানী, লিঙ্গভিত্তিক সহিংসতা **(Gender-Based Violence),** বাল্যবিবাহের ঘটনা দেখলে বা জানলে বা সন্দেহমূলক মনে হলে আমি নিজ উদ্যোগে অনতিবিলম্বে ফাউন্ডেশনের আঞ্চলিক/প্রধান জেন্ডার ফোকালকে জানাতে বাধ্য থাকব। তাছাড়া কোন অভিযোগ যদি ফাউন্ডেশনের কর্মী/স্বেচ্ছাসেবক, ইন্টার্ন এর বিরুদ্ধে না হয়, তাহলে সংশ্লিষ্ট সংস্থা বা সেক্টর সমন্বয়কারী **(PSEA Network)** কে জানাব।

২.৩ আমি যদি কর্মী/স্বেচ্ছাসেবক, ইন্টার্ন এর বিরুদ্ধে কোন উদ্দেশ্য প্রনোদিতভাবে মিথ্যা অভিযোগ প্রদান করি তাহলে ফাউন্ডেশন আমার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করলে আমার কোন আপত্তি থাকবে না।

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Foundation

Dr. Tofail Ahmed
Chairperson
COAST Foundation

২.৪ উপরোক্ত ২.২ অনুচ্ছেদে ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত যেকোন ধরণের তদন্তে আমি পূর্ণ সহযোগিতা করব এব তদন্ত কাজে কোন বাধা সৃষ্টি করব না এবং কোন তথ্য গোপন করব না। পাশাপাশি নির্যাতনের শিকার ব্যক্তির গোপনীয়তা, নিরাপত্তা এবং সহায়তা নিশ্চিত করার জন্য আমি যথাযথ কর্তৃপক্ষকে জানাতে বাধ্য থাকব।

২.৫ ক্ষতিগ্রস্থ জনগণ/ফাউন্ডেশনের সুবিধাভোগীদের সহায়তা প্রদান এবং **"DO NO HARM"** ("কোন ক্ষতি করা যাবে না") নীতির সাথে সঙ্গতি রেখে প্রদত্ত পরিষেবাগুলিতে নিরাপত্তা, মর্যাদা এবং কার্যকর অভিগম্যতা নিশ্চিত করব।

২.৬ যৌন শোষণ এবং নির্যাতন প্রতিরোধ করে এমন একটি পরিবেশ তৈরি ও বজায় রাখতে সাহায্য করা এবং এই আচরণবিধির বাস্তবায়ন/প্রয়োগের প্রচার করব।

২.৭ কোনও অভিযোগ, সন্দেহ বা উদ্বেগ যা আচরণবিধিতে উল্লিখিত মানদণ্ডগুলোকে পূরণ করতে ব্যর্থ হলে সেগুলো অবিলম্বে রিপোর্ট করব।

২.৮ আক্রান্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের এ সংক্রান্ত (যেকোন মাধ্যমে প্রাপ্ত) অভিযোগ উঠলে তা মেনে নিব এবং তদন্তে যথাযথ সহযোগিতা করবো।

২.৯ আচরণবিধির বিধান লঙ্ঘন হয়েছে একথা বলে ইচ্ছাকৃতভাবে অন্য কর্মীর বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করবো না বা অন্য সংস্থার কর্মী বা কোন কর্মীদের সম্পর্কে মিথ্যা বিবৃতি প্রচার করব না।

২.১০ যৌন শোষণ এবং নির্যাতন থেকে সুরক্ষার জন্য বাধ্যতামূলক প্রশিক্ষণ কোর্সে (অফলাইনে বা অনলাইনে) অংশগ্রহণ করব।

## ৩.আমি বুঝি এবং স্বীকার করি যে, যৌন শোষণ/নির্যাতন কঠোরভাবে নিষিদ্ধ/বেআইনী:

৩.১ কোন শিশুর সাথে (১৮ বছরের কম বয়সী ) যৌন কার্যক্রমে জড়িত হওয়া, সাবালক বা সম্মতির আছে, এই মর্মে শিশুদের সাথে যৌন কার্যকলাপে জড়িত হওয়া নিষিদ্ধ। এক্ষেত্রে শিশুর প্রকৃত বয়স সম্পর্কে না জানাকে অজুহাত বা প্রতিরক্ষা হিসেবে ব্যবহার করা যাবে না।

৩.২ মানবিক সহায়তা প্রদানকারী ব্যক্তি মানবিক সহায়তা গ্রহীতাকে কোনো ধরণের যৌন সুযোগ/সুবিধা লাভের বিনিময়ে কোন সহায়তা প্রদান করতে পারবেন না। এ ধরণের কর্মকাণ্ড মানবিক কাজের বিশ্বাসযোগ্যতাকে প্রশ্নবিদ্ধ করে।

৩.৩ যৌন সুবিধা বা কোন ধরণের অপমান ,অবমাননা বা শোষণমূলক আচরণ/ব্যবহারসহ অর্থ, কর্মসংস্থান, খাদ্য বা সেবার বিনিময়ে যৌনসম্পর্ক স্থাপন নিষেধ।

৩.৪ সুবিধাভোগী/গ্রহীতাদের খাদ্য বা খাদ্য ব্যতীত অন্য সহায়তার বিনিময়ে যেকোন যৌন সুবিধা গ্রহণ করা নিষিদ্ধ।

৩.৫ সুরক্ষা, সহায়তা বা মানবিক পরিষেবা বন্ধ করে কর্তৃত্ব, অবস্থান বা প্রভাবের অপব্যবহার করা, অথবা যৌন সুবিধার আবেদন করে উপহার প্রদান, যেকোনও ধরণের অর্থপ্রদান বা অন্য কোনও সুবিধার জন্য পক্ষপাতমূলক আচরণ প্রদান নিষিদ্ধ।

৩.৬ দেশের আইন অগ্রাহ্য করে যৌনকর্মীদের সাথে যৌন কার্যকলাপে জড়িত থাকা যাবে না।

৩.৭ যেকারো সাথে যৌন কার্যকলাপে শিশু বা প্রাপ্ত বয়স্ক কাউকেই ব্যবহার করা যাবে না।

## ৪. একজন কর্মী/খন্ডকালীন কর্মী/স্বেচ্ছাসেবী/ইন্টার্ন/পরামর্শক/কন্ট্রাক্টর হিসাবে আমার দায়িত্ব হবে:

৪.১ আমি শৃঙ্খলা বজায় রাখব। সময় এবং কর্তব্যের প্রতি নিবেদিত হব, দায়িত্বশীল এবং দায়বদ্ধ হব।

৪.২ সাংগঠনিক ড্রেস কোড মেনে চলব।

৪.৩ সংকটে ক্ষতিগ্রস্থ / দুর্যোগকবলিত মানুষ, সুবিধাবঞ্চিত/পিছিয়ে পড়া মানুষ, বিশেষ করে নারী ও শিশু এবং নাজুক মানুষদের প্রতি সম্মান প্রদর্শণ করবো এবং তাদের জন্য একটি সহজাত/অনুকূল পরিবেশ তৈরিতে নিজেকে নিয়োজিত করব।

৪.৪ আর্থিক লেনদেনের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখব।

ezaul Karim Chowdhury
xecutive Director
OAST Foundation

Dr. Tofail Ahmed
Chairperson
COAST Foundation

৪.৫ আমাদের সংগঠন নারী ও শিশুবান্ধব; তাই নারী ও শিশুর প্রতি সম্মান প্রদর্শন করবো এবং পুরুষ ও নারী সহকর্মী উভয়ের জন্য মর্যাদাপূর্ণ কর্মপরিবেশ তৈরি করব।

৪.৬ সকল বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীল থাকবো এবং সুবিধাভোগী, স্টেকহোল্ডার, দাতাসংস্থা এবং সরকারী প্রতিষ্ঠানের প্রতি দায়বদ্ধ থাকব।

৪.৭ সংস্থার নতুন নীতি এবং সার্কুলার সম্পর্কে নিজেকে অবহিত রাখব। সেগুলো নিজে নিজে পড়ব। যদি প্রয়োজন হয় বোঝার সুবিধার্থে কর্মীদের সাহায্য নেব। সকল নীতিমালা এবং সার্কুলারসমূহ মেনে চলব।

৪.৮ ফাউন্ডেশনের মানবসম্পদ ও প্রশাসনিক ব্যবস্থাপনা নীতিমালা, হিসাবরক্ষণ নীতিমালা, ক্ষুদ্রঋণ নীতিমালা, অভিযোগ ও ব্যবস্থাপনা নীতিমালা, জেন্ডার নীতিমালা, যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ নীতিমালা, তথ্য প্রকাশের নীতিমালা, তথ্যের গোপনীয়তা ও সুরক্ষা নীতিমালা, শিশু এবং অসহায় বৃদ্ধদের জন্য সুরক্ষা নীতিমালা, ঝুঁকি মূল্যায়ন নীতিমালা ,কর্মী কল্যাণ সংক্রান্ত নীতিমালা ইত্যাদি এবং জাতি সংঘের মহাসচিব এর যৌন শোষন ও নির্যাতন বিষয়ক বুলেটিন **(ST/SGB/2003/13** নিজ দায়িত্বে পড়ে নিব। পরবর্তীতে কোন নীতিমালা পড়িনি, জানিনা, বুঝিনি এই বলে কোন অজুহাত দেখাব না। পাশাপাশি সকল নীতিমালা মেনে চলব।

৪.৯ যদি এই সংস্থার কোনো নীতিমালায় আমার কোনো আপত্তি থাকে, আমি এই আচরণবিধিতে স্বাক্ষর করার ১৫ দিনের মধ্যে কর্তৃপক্ষকে আনুষ্ঠানিকভাবে আমার আপত্তি লিখিত আকারে জানাব ।

৪.১০ যদি কোন বিষয়ে স্বার্থের দ্বন্দ্ব **(Conflict of Interest)** থাকে, আমি তা নিজ দায়িত্বে ঘোষণা করব।

৪.১১ ফাউন্ডেশনের শুন্য সহিষ্ণুতা **(Zero Tolerance)** নীতিমালা মেনে চলব।

৪.১২ প্রকল্পের সেবা সম্পর্কে মতামত প্রদান এবং অভিযোগ করার পদ্ধতিগুলো সম্পর্কে কর্মসূচি অংশীজনদের অবহিত করব।

## <u>আচরণবিধি পালনকারীর অঙ্গিকার</u>

আমি নিম্নস্বাক্ষরকারী এই আচরণবিধি পড়েছি, বুঝেছি এবং কোস্ট ফাউন্ডেশন এর একজন কর্মী/স্বেচ্ছাসেবী/ইন্টার্ন হিসেবে সর্বদা এই বিধি অবশ্যই মেনে চলব।

আমি অবগত যে, সময়ের প্রয়োজনে এই বিধিমালা পরিবর্তনের, সংশোধনের বা এর কোন একটি বা সকল বিধিমালা বিলুপ্ত করার অধিকার এই ফাউন্ডেশনের রয়েছে। যদি ঘোষিত কোন নীতিমালা ভঙ্গ করি তা হলে ফাউন্ডেশন আমার বিরুদ্ধে বিধি মোতাবেক যেকোন শৃংখলাবিধানমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে । এতে আমার কোন ওজর আপত্তি থাকবে না।

পালনকারীর স্বাক্ষর:

পূর্ণ নাম: ...................................................................

স্বাক্ষর: ...................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর:...............................................

তারিখ : ............/........../...........

সংশ্লিষ্ট কর্মীর ব্যক্তিগত নথি নং.................................

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Foundation

এম. রেজাউল করিম চৌধুরী
নির্বাহী পরিচালক
কোস্ট ফাউন্ডেশন

প্রফেসর তোফায়েল আহমেদ, পিএইচডি
চেয়ারপার্সন-নির্বাহী পর্ষদ
কোস্ট ফাউন্ডেশন

Dr. Tofail Ahmed
Chairperson
COAST Foundation